গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
**দেবীগঞ্জ অলদিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়**
দেবীগঞ্জ, পঞ্চগড়

বিদ্যালয় কোড : ৮৬৮১ Email: alodinigghs@gmail.com Website: www.alodinischool.edu.bd EIIN: ১২৫৯৭৮

স্মারক নং: ৫০৬/০২/২০২৬/১৪ তাং: ২৮/০৭/২০২৬ খ্রি.

সম্মানিত অভিভাবক,

আদাব/নমস্কার। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের সুশিক্ষা, নিরাপদ ভবিষ্যৎ ও বিদ্যালয়ের সার্বিক উন্নয়নের লক্ষ্যে আগামী ০২ আগস্ট, ২০২৬, রবিবার, সকাল ১১.০০ ঘটিকায় সকল শ্রেণির শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের সঙ্গে বিদ্যালয় প্রাঙ্গণে এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। উক্ত মতবিনিময় সভায় **জনাব ইন্দ্রজীত সাহা**, উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়, **জনাব সাইফুল ইসলাম**, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড় ও জনাব **মোঃ মুসা মিয়া**, অফিসার-ইন-চার্জ, দেবীগঞ্জ থানা, পঞ্চগড় মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

**সভায় নিম্নলিখিত বিষয়সমূহ আলোচনা করা হবে:**

১। অর্ধবার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষার ফলাফল পর্যালোচনা এবং শিক্ষার্থীদের শিক্ষার মানোন্নয়নে করণীয়।
২। বাল্যবিবাহ প্রতিরোধে অভিভাবকদের করণীয়।
৩। মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধে সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা।
৪। মোবাইলফোন ব্যবহার নিরুৎসাহিত করণ।
৫। বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন, শৃঙ্খলা, উপস্থিতি ও শিক্ষার পরিবেশ উন্নয়ন সংক্রান্ত আলোচনা।
৬। বিবিধ

আপনার সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ এবং বিদ্যালয়ের উন্নয়নে আপনার মূল্যবান মতামত ও সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য: আগামী ০৩ আগস্ট, সোমবার, অর্ধবার্ষিক ও প্রাক-নির্বাচনি পরীক্ষার মূল্যায়নকৃত উত্তরপত্র দেখানো হবে। উক্ত তারিখে আগ্রহী অভিভাবকগণকে সকাল ১১.০০ টায় বিদ্যালয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধে,

প্রদীপ কুমার সিংহ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
দেবীগঞ্জ অলদিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,
দেবীগঞ্জ, পঞ্চগড়
মোবাইলঃ ০১৭১২২০৬০৬১